

নয় বেশী দূরে

কাইউম পারভেজ



বজ্রকণ্ঠে প্রথম ধ্বণিত সেই জয় বাংলা
রেসকোর্স পেরিয়ে তরঙ্গিত হয়ে
আকাশ বাতাস প্রকম্পিত করে
পৌঁছে গেল টেকনাফ থেকে তেতুলিয়া –
হিমালয় থেকে সুন্দরবন।
দানবীয় শক্তি নিয়ে আবালবৃদ্ধবণিতার
কণ্ঠ চিরে ঝংকারিত – জয় বাংলা।
জয় বাংলা সেই মুক্তিযোদ্ধার ট্রিগারে
সেই গ্রেনেডের বিস্ফোরণে।
ধ্বংসিত হচ্ছে সেই নারীর কণ্ঠে –
পেতে রাখা সেই মাইনে
শত্রুর বাংকারে – সেই ছোট্ট ট্রানজিস্টারে –
উপর নীচে বামে ডাইনে।

যাদের হাত পা পেটের ভেতরে ঢুকিয়ে দিতো
যে জয় বাংলা - তারা এখন সরব – প্রকাশ্যে
ভয়াল বিষ দাঁত বসিয়ে দেবার সাহস পায়
আমাদেরই দুর্বলতার সুযোগে।
এখন ওরা শাসক হতে চায়।
জয় বাংলার জয় মুছে ফেলে ত্রাতা হতে চায়।
মেটিকুলাসলী হিংস্র হয়ে জিহাদী হতে চায়।
গরম তাওয়া তাতায়।

জয় বাংলা মরেনি এখনো আছে ঘরে ঘরে
কণ্ঠ থেকে কণ্ঠে রোণিত হচ্ছে ঘুরে ঘুরে।
একসঙ্গে জেগে উঠবে সেদিন কি বেশী দূরে?
জয় বাংলার শক্তি দেখেছিলো বিশ্ব একাত্তরে।
জয় বাংলা দিয়ে একটা দেশ হয়ে গেল –
একটা জাতি জেগে গেল।
এবারেও দেখবে সবাই জয় বাংলা ঘুরে দাঁড়িয়েছে।
একাত্তরে যেমন – ঠিক তেমন।

আবার দেয়াল পরিষ্কার হবে
কাওয়ালীবিহীন মঞ্চ হবে
জয় বাংলার মানুষ খেতে পাবে –
বিকিকিনি হবে হবে হবে।
ভুলগুলো শুধরে নিয়ে – নতুন সকাল হবে।

সেদিন নয় বেশী দূরে
এই বিজয়ের দিনে – আমি চিৎকার করে বলি
সেদিন নয় বেশী দূরে।
জয় বাংলা
জয় বাংলা নয় বেশী দূরে।